গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

**উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভা**

সভার তারিখ ঃ ১৩.০৩.২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কর্যালয় গোলাপগঞ্জ, সিলেট

| ক্রমিক নং | উপস্থিত সদস্যর নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | জনাব আব্দুস সামাদ | চেয়ারম্যান, বাঘা ইউপি | সদস্য | |
| ৩ | জনাব সৈয়দ হাসিন আহমদ | চেয়ারম্যান, আমুড়া ইউপি | সদস্য | |
| ৪ | জনাব রুহেল আহমদ | সাধারন সম্পাদক, পৌর আওয়ামীলীগ | সদস্য | |
| ৫ | জনাব আব্দুল মোহাইমিন চৌঃ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য সচিব | |

সভায় উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মত ভাবে গৃহীত হয়।

আলোচনাঃ

<u>আলোচ্য সূচী- ১ঃ বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ</u>

সভায় বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয় এবং তা কোন সংশোধনী ছাড়া সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

<u>আলোচ্যসূচী-২ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।</u>

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে তাঁর কার্যালয় কর্তৃক বিভিন্ন খাতে ঋণ প্রদান করা হয়ে থাকে। তিনি আরও জানান যে, বিগত অর্থ বছরে বিভিন্ন উন্নয়ন মূলক খাতে ৪২৭ জন সমবায়ীদের মাঝে মোট ২১.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এসব ঋণ কৃষিভিত্তিক বিভিন্ন খাতে বিনিয়োগ করা হলেও সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত প্রযুক্তি গত ও টেকসই জ্ঞান না থাকায় বিনিয়োগ করে ও সমবায়ীরা আশানুরুপ ফলাফল পাচ্ছে না। অধিকন্তু বিনিয়োগ ফলপ্রসু না হওয়ায় ঋণ পরিশোধে অনিশ্চয়তার সৃষ্টি হচ্ছে। তিনি বলেন, সরকারী ভাবে পর্যাপ্ত বরাদ্দ না পাওয়ায় সংশ্লিষ্টদের যথাযথ প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয় না। বিগত অর্থবছরের মাত্র ৬০ জন সমবায়ীদের ০১ দিন ব্যাপী প্রশিক্ষণ করানো হয়েছে। এ অবস্থায় বিনিয়োগ ও উৎপাদন ব্যাহত হওয়ায় সমবায়ীরা আর্থিক ভাবে ক্ষতি গ্রস্ত হচ্ছেন এবং সরকারের দারিদ্র্য বিমোচন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম অনেকাংশে বাধা গ্রস্ত হচ্ছে। এই প্রেক্ষিতে সমবায়ীদের বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ হতে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এই নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন উৎপাদনমূলক ও বিনিয়োগ যোগ্য খাতে উপজেলা পরিষদ হল রুমে সমবায়ীদের জন্য ধারাবহিক ভাবে ০৩(তিন) দিন ব্যাপ্তির প্রশিক্ষণ আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নোক্ত প্রশিক্ষণ বিষয়াদি উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভা

সভার তারিখ ঃ ১৪.০৬.২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১ ঘটিকা
সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কর্যালয় গোলাপগঞ্জ, সিলেট।

| ক্রমিক নং | উপস্থিত সদস্যর নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | জনাব আব্দুস সামাদ | চেয়ারম্যান, বাঘা ইউপি | সদস্য | |
| ৩ | জনাব সৈয়দ হাসিন আহমদ | চেয়ারম্যান, আমুড়া ইউপি | সদস্য | |
| ৪ | জনাব রুহেল আহমদ | সাধারন সম্পাদক, পৌর আওয়ামীলীগ | সদস্য | |
| ৫ | জনাব আব্দুল মোহাইমিন চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য সচিব | |

অদ্য উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভায় সভাপতিত্ব করেন উপজেলা ভাইস চেয়াম্যান গোলাপগঞ্জ, সিলেট। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব আব্দুল মোহাইমিন চৌধুরীকে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ জানান।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্ন লিখিত।

আলোচনা নং- ০১ ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ঃ অদ্যকার সভায় বিগত ০৬.০৪.২০২০ খ্রি. তারিখের কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনার পর কোন প্রকার সংশোধনী/পরিবর্তন ছাড়াই তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচনা নং- ০২ ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। আলোচনাকালে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমবায়ীদের আর্থসামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে তাঁর কার্যালয় বিভিন্ন কৃষক সমবায় সমতির সদস্যের মধ্যে ঋন প্রদান করে থাকে। শুধুমাত্র ঋণ প্রদানের মাধ্যমে কৃষকদের আর্ত-সামাজিক অবস্থা উন্নয়ন সম্ভব নয়। তাদের প্রয়োজন উন্নত কৃষি যন্ত্রপাতি । উন্নত কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে তারা কম খরচে বেশি উৎপানে সক্ষম হবে। তাদের উৎপাদন বাড়বে ফলে তারা অর্থনৈতিকভাবে সক্ষমতা অর্জন করবে যা দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখবে। সমবায়ীদের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাদের মাঝে উন্নত কৃষি যন্ত্রপাতি বিনামূল্যে বিতরণের জন্য উপজেলা পরিষদ হতে অর্থ বরাদ্দ প্রয়োজন। সভায় এ ব্যাপারে ব্যাপক আলোচনা হয় এবং নিম্নোক্ত কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় আলোচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।।